



বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়
টাঙ্গাইল।
www.ces.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীত জরুরি

নং-১৭.০৯.৯৩০০.০০০.৩৬.১৩৬.২৩-৬৪১

তারিখ : ১৬ আগস্ট ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা টাঙ্গাইল জেলার সকল সংসদীয় আসনের (১৩০ টাঙ্গাইল-১, ১৩১ টাঙ্গাইল-২, ১৩২ টাঙ্গাইল-৩, ১৩৩ টাঙ্গাইল-৪, ১৩৪ টাঙ্গাইল-৫, ১৩৫ টাঙ্গাইল-৬, ১৩৬ টাঙ্গাইল-৭ এবং ১৩৭ টাঙ্গাইল-৮) সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা” অনুসারে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটির সুপারিশক্রমে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সম্ভাব্য ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া ভোটকেন্দ্রের তালিকা অদ্য ১৬/০৮/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ প্রকাশ করা হলো। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হবেঃ

ক্র: নং	বিষয়	নির্ধারিত সময়সীমা
১	খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখঃ	৩১ আগস্ট, ২০২৩
২	প্রাপ্ত দাবী/আপত্তির নিষ্পত্তির শেষ তারিখঃ	১১ সেপ্টেম্বর, ২০২৩
৩	খসড়া ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তকরণঃ	১৭ সেপ্টেম্বর, ২০২৩

২। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা প্রশাসকের কার্যালয়, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে।

৩। খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর কোন দাবী/আপত্তি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় (সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল) ও আওতাধীন ১২ (বার) টি উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত যথাযথ প্রমাণাদিসহ আবেদনপত্র দাখিল করা যাবে। অসম্পূর্ণ/নির্ধারিত সময়ের পরে কোন প্রকার দাবী/আপত্তি গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত আবেদনের উপর শুনানীর তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।



(মোহাম্মদ মতিয়ুর রহমান)
সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা
টাঙ্গাইল।
ফোন : ০২-৯৯৭৭১৪১৫১

নং-১৭.০৯.৯৩০০.০০০.৩৬.১৩৬.২৩-৬৪১

তারিখ : ১৬ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, আইডিএ-২/ইডিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ৭। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৯। জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), টাঙ্গাইল।
- ১২। নোটিশ বোর্ড।
- ১৩। অফিস কপি।


সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা
টাঙ্গাইল।